# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 01 May, 2025

ইসলামী আন্দোলন বাংলাদেশের ঢাকা মহানগর উত্তরের সভাপতি মাওলানা শেখ ফজলে বারী মাসউদ বলেছেন, শ্রমিকের কষ্ট আর মেহনতির ফলে আমরা দেশে উন্নয়ন দেখি।অথচ সেই শ্রমিকদের ঘাড়ে পা রেখেই সব সরকার দুর্নীতি করে।শ্রমিকদের পেটে লাথি মেরে তাদের অর্থ বিদেশে পাচার করে।

বৃহস্পতিবার (১ মে) আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে ইসলামী আন্দোলন বাংলাদেশ আয়োজিত পথ সমাবেশ ও র‍্যালি শেষে এসব বলেন তিনি।এদিন সকালে রাজধানীর পল্টন, প্রেস ক্লাব ও মিরপুর এলাকায় পথ সমাবেশ ও র‍্যালি করে দলটি।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা শেখ ফজলে বারী মাসউদ বলেন, আমরা সবাই জানি মে দিবস কেন হয়েছে, শ্রমিকদের অধিকার আদায়ের জন্য।কিন্তু আমরা বাস্তবে কী দেখতে পাই? এত বছর হয়ে গেছে এরপরও কোনো শ্রমিক ৮ ঘণ্টা পরিশ্রম করে যে অর্থ পায় সেই অর্থ দিয়ে তার সংসার চলে না।বাংলাদেশে যেটা দেখতে পাই, স্বাধীনতার পর থেকে সরকার আসে, সরকার যায়- প্রত্যেকেই মিষ্টি মিষ্টি কথা বলে।প্রত্যেকেই শ্রমিকের অধিকারের কথা বলে।অথচ যে শ্রমিকের কষ্ট আর মেহনতির ফলে আমরা দেশে উন্নয়ন দেখি সেই শ্রমিকদের ঘাড়ে পা রেখেই সব সরকার দুর্নীতি করে।শ্রমিকদের পেটে লাথি মেরে তাদের অর্থ বিদেশে পাচার করে।

হুঁশিয়ারি দিয়ে তিনি বলেন, আগামীতে এ ধরনের কোনো ফ্যাসিস্টের জায়গা বাংলাদেশ হবে না।কেউ যদি চিন্তা করে আগামী দিনে শ্রমিকদের ঘাড়ে পা রেখে আমরাও দুর্নীতি করবো,

বিদেশে পয়সা পাচার করবো- তারা সাবধান হয়ে যান।শ্রমিকদের অধিকার যারা হরণ করে তাদের আগামীতে আমরা ভোট দেবো না।

শেখ ফজলে বারী মাসউদ আরও বলেন, আমরা বাংলাদেশে ইসলামিক শ্রমনীতি প্রতিষ্ঠা করতে চাই।এই শ্রমনীতি যদি প্রতিষ্ঠিত হয় তাহলে আগামীতে কোনো মালিক শ্রমিকের ওপর কোনোদিন অত্যাচার করতে পারবে না।

পথ সমাবেশ ও র‍্যালিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ইসলামী শ্রমিক আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় অর্থ ও প্রকাশনা সম্পাদক প্রকৌশলী আলহাজ মো. সাইফুল ইসলাম, ইসলামী শ্রমিক আন্দোলন বাংলাদেশের কেন্দ্রীয় নির্বাহী সদস্য আলহাজ মোহাম্মদ নাসিম খাঁন প্রমুখ।

শ্রমিক মে-দিবস দুর্নীতি সরকার সমাবেশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 04:28

URL: https://timestodaybd.com/national/4971211726